# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

উমরাহ করার পর বিদায়ের সময় বিদায়ী তওয়াফ করা ওয়াজেব কি?

যদি উমরাহ করেই কেউ সাথে সাথে ফিরে আসে, তাহলে তাকে বিদায়ী তওয়াফ করতে হবে না, উমরাহ তওয়াফই যথেষ্ট। কিন্তু কেউ যদি উমরাহর পর দীর্ঘ সময় অবস্থান করে, তাহলে সঠিক মতে বিদায়ী তওয়াফ ওয়াজেব। কারণ (এক) নবী (সঃ) বলেছন, “তোমাদের কেউ যেন (কাবা)গৃহের সাথে শেষ সময় অতিবাহিত না করে প্রস্থান না করে।” ৪৪৩ (আহমাদ ১/২২২, মুশলিম ১৩২৭ নং)

(দুই) উমরাহকে ‘ছোট হজ্জ’ বলা হয়। সুতরাং হজ্জে বিদায়ী তওয়াফ ওয়াজেব হলে, উমরাহতেও। (তিন) এক উমরাহকারী য়্যা’লা বিন উমইয়াকে বলেছিলেন, “তুমি তোমার উমরাতে তাই কর, যা হজ্জে করে থাকো।” ৪৪৪ (বুখারী মুসলিম)
মতান্তরে উমরাহতে বিদায়ী তওয়াফ ওয়াজেব নয়। যেহেতু নবী (সঃ)এর উক্ত আদেশ ছিল হাজীদের জন্য। ৪৪৬(লাজনাহে দায়েমাহ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=350

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন